দৈনিক ইত্তেফাক

MAR. 1 4 2002

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৬

# উচ্চতর ডিগ্রী ও ফেলোশীপ প্রদানে ঢাকায় জাপান সরকারের তথ্য সংগ্রহ সমীক্ষা শুরু

ইত্তেফাক রিপোর্ট ॥ বাংলাদেশের সরকারী-বেসরকারী পর্যায়ের কর্মকর্তাদের উচ্চতর ডিগ্রী ও ফেলোশীপ প্রদানের উদ্দেশ্যে জাপান সরকারের তথ্য সংগ্রহ সমীক্ষা শুরু হয়েছে। জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (জাইকা) আগামীতে কোন কোন খাতে কাদের মানব সম্পদ উন্নয়নে বৃত্তি প্রদান করবে তা নির্ধারণের উদ্দেশ্যে এই সমীক্ষা চলছে। (১৪শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## উচ্চতর ডিগ্রী ও ফেলোশীপ

(৩য় পৃঃ পর)

এজন্যে জাইকার দু'জন উর্ধ্বতন কর্মকর্তা জাপান সরকারের ফাউন্ডেশন ফর এডভান্সড স্টাডিজ অন ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ফাসিড)-এর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট রিসার্চ ইনস্টিটিউট (আইডিআরআই)-এর ভাইস ডাইরেক্টর মিঃ নাওনবু মিনাটো ও প্রোগ্রাম অফিসার কোইচিরো ইসিমোরি বর্তমানে ঢাকায় আছেন। তারা গত ১০ মার্চ ঢাকা আসেন এবং ১৫ মার্চ জাপান ফিরে যাবেন। দুই সদস্যের সমীক্ষা দল জাপান সরকারের বৃত্তির সম্ভাব্য ও প্রয়োগযোগ্য ক্ষেত্রগুলো খতিয়ে দেখছে। বিশেষ করে জাপান সরকারের শিক্ষা বৃত্তি, ফেলোশীপ, ভিসিট প্রোগ্রাম প্রভৃতি কর্মসূচী বাংলাদেশের উন্নয়ন প্রক্রিয়ায় কি প্রভাব ফেলে. সরকারী-বেসরকারী কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নে কতটুকু সহায়তা করে তা পর্যবেক্ষণ করছে। জাইকার মাধ্যমে জাপান সরকার ১৯৯৯ সাল থেকে সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ও নীতি নির্ধারণে সম্পৃক্ত ব্যক্তি ও কর্মকর্তাদের বৃত্তি দিয়ে আসছে।